# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ প্রতিবেশী কষ্ট দিলে ধৈর্য ধারণ করা আবশ্যক

## ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ التَّصَبُّرِ عِنْدَ أَذَى الْجِيرَانِ إِيَّاهُ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو سَعِيدٍ الْأَشَجُّ حَدَّثَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: (جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَشَكَا إِلَيْهِ جَارًا لَهُ فقال النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ثَلَاثَ مَرَّاتٍ: (اصْبِرْ) ثُمَّ قَالَ لَهُ فِي الرَّابِعَةِ أَوِ الثَّالِثَةِ: (اطْرَحْ مَتَاعَكَ فِي الطَّرِيقِ) فَفَعَلَ قَالَ: فَجَعَلَ النَّاسُ يمرُّون بِهِ وَيَقُولُونَ: مَا لَكَ؟ فَيَقُولُ: آذَاهُ جَارُهُ فَجَعَلُوا يَقُولُونَ: لَعَنَهُ اللَّهُ فَجَاءَهُ جَارُهُ فقَال: رُدَّ مَتَاعَكَ لَا وَاللَّهِ لَا أُوذِيكَ أبداً.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 521 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৫২১. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে তার এক প্রতিবেশীর ব্যাপারে অভিযোগ করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে তিনবার বলেন: “তুমি ধৈর্য ধারণ করো।” তারপর চতুর্থবার কিংবা তৃতীয়বারে বলেন: “তোমার আসবাবপত্র রাস্তায় ফেলে রাখো।” অতঃপর সে ব্যক্তি তাই করলেন। রাবী বলেন, লোকজন তার পাশ দিয়ে অতিক্রম করছিলেন এবং বলছিলেন: “তোমার কী হয়েছে?” তিনি বলছিলেন, তাঁর প্রতিবেশী তাকে কষ্ট দিয়েছে।” তখন লোকজন বলছিলেন: “তার উপর আল্লাহর লা‘নত বর্ষিত হোক।” তখন তাঁর প্রতিবেশী তাঁর কাছে আসেন এবং বলেন: “আপনি আপনার আসবাবপত্র বাড়িতে ফিরিয়ে নিন। না, আল্লাহর কসম, আমি আর কখনই কষ্ট দিব না!”[1]

## ফুটনোট

[1] আদাবুল মুফরাদ: ১২৪; হাকিম: ৪/১৬৫; বাযযার: ১৯০৩; মাজমা‘উয যাওয়াইদ: ৮/১৭০।

হাদীসটির সানাদকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৫২১।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88985

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন